



সাইন্স কেটিং

Date: 26-10-2020

বিষয় কোড		
1	1	1

Set-A

এস.এস.সি মডেল টেস্ট-২০২১

বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা (I.S.-1)

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট

পূর্ণমানঃ ৩০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও]

- ১। শহিদুজ্জামান সাহেব একজন বড় ব্যবসায়ী। তিনি নিয়মিত নামায আদায় করেন। একদিন তিনি তার এক প্রতিবেশীকে বললেন, আমি পীর-মুর্শিদের দয়া ও উছলায় ব্যবসায় উন্নতি লাভ করেছি। আমার পীর বাবা রাজি থাকলে আর কোনো চিন্তা নাই।
- ক) মুমিন অর্থ কী? ১
- খ) নৈতিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২
- গ) শহিদুজ্জামান সাহেবের বক্তব্য ও মনোভাবে কী প্রকাশ পেয়েছে ব্যাখ্যা কর। ৩
- ঘ) যে বিশ্বাসের অভাবে শহিদুজ্জামান সাহেবের উল্লিখিত মনোভাব সৃষ্টি হয়েছে তার গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪
- ২। সাকিব ও রাকিব দুই বন্ধু। আলাপের প্রসঙ্গে রাকিব বলল, আইয়ামে জাহেলিয়ার যুগে রাসূলুল্লাহ (স) আবির্ভূত হয়েছিলেন, পৃথিবীতে আবার কখনও যদি তেমন পরিস্থিতি তৈরি হয় তাহলে আবার ও কোনো নবি-রাসূল আসবেন। সাকিব বলল, না তা নয়, কারণ মহানবি (স) হলেন শেষ নবি। তাঁর পরে আর কোনো নবি বা রাসূল আসবে না।
- ক) 'শিরক' অর্থ কী ১
- খ) রিসালাতের বিশ্বাস প্রয়োজন কেন? ২
- গ) রাকিবের বক্তব্য কোন বিশ্বাসের পরিপন্থি? ব্যাখ্যা কর। ৩
- ঘ) সাকিবের উক্তিটি পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৩। অনিক ষষ্ঠ শ্রেণির ছাত্র। হঠাৎ একদিন সড়ক দুর্ঘটনায় তার বাবা-মা মৃত্যুবরণ করেন। প্রতিবেশী ও আত্মীয়স্বজনেরা চিন্তিত হয়ে পড়ে, অনিকের কী হবে? প্রতিবেশী চাচা আফজাল সাহেব বলেন, সৃষ্টিকর্তাই একটা ব্যবস্থা করে দিবেন, অভাবমুক্ত করবেন।
- ক) 'আস-সায়িলা' শব্দের অর্থ কী? ১
- খ) 'আপনি কুরআন আবৃত্তি করুন ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে।' বুঝিয়ে লিখ। ২
- গ) অনিকের অবস্থানটি তোমার পাঠ্যবইয়ের কোন সূরার সাথে মিলকৃত? ব্যাখ্যা কর। ৩
- ঘ) সূরাটির শিক্ষা বিশ্লেষণ কর। ৪

- ৪। শামিম মনে করে আল কুরআন গ্রন্থাকারে এক সাথে মহানবির ওপর নাজিল হয়েছিল। শামিমের বন্ধু রাকিব আরেকটু বেশি ভাবে। সে মনে করে আল-কুরআন মহানবির ওপর অবতীর্ণ হওয়ার সাথে সাথে মুদ্রণ যন্ত্রের সাহায্যে শত শত কপি ছাপিয়ে পুস্তক আকারে বাঁধাই করে সংরক্ষণ করা হয়। তারপর তা মুসলিম বিশ্বে ধীরে ধীরে ছড়িয়ে দেওয়া হয়। কিন্তু শামিম ও রাকিবের এটা হলো কল্পনা, বাস্তবতা হলো আরেক জিনিস।

- ক) 'আল-বুরহান' অর্থ কী? ১
- খ) শরিয়ত কী? বুঝিয়ে লেখ। ২
- গ) আল-কুরআন অবতরণ সম্পর্কে শামিমের ধারণাকে যুক্তি দ্বারা খন্ডন কর। ৩
- ঘ) আল-কুরআন সংরক্ষণ সম্পর্কে রাকিবের ধারণা যদি কল্পনাই হয়, তবে বাস্তব সত্য কী? তা বিশ্লেষণ কর। ৪

- ৫। জাহিদ ও শাহেদ দুই ভাই। জাহিদ বাড়ির চারপাশে অনেক ফলের গাছ লাগিয়েছে। মানুষেরা সেই গাছের ছায়ায় বসে আরাম করে এবং পাখিরা ফল খায়। জাহিদ প্রতিবেশীদেরও ফল বিতরণ করে। অপর ভাই শাহেদের দোকানে ন্যায্যমূল্যে পণ্য বিক্রয় হয়। কোনো ভেজাল নেই। তাই অনেক মানুষ তার দোকানে কেনাকাটা করেন।

- ক) 'ইজমা' শব্দের অর্থ কী? ১
- খ) হারাম বর্জনীয় কেন? ২
- গ) জাহিদের কাজটি কী হিসেবে গণ্য হবে? যুক্তিসহকারে লেখ। ৩
- ঘ) শাহেদের কাজের ফলাফল ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪